



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

www.dinajpureducationboard.gov.bd
email: www.dinajpureducationboard@gmail.com

স্মারক নং- ২/এম/৫৬৬২/৫০৮ (৬)

তারিখঃ ২০/০৮/২০

বিষয়ঃ মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং- ৮৩৩৬/২০১৮ এর নির্দেশনা মোতাবেক ২৬/০৫/২০১৮ তারিখের আবেদন নিষ্পত্তি প্রসঙ্গে।

সূত্রঃ (১) মহামান্য হাই কোর্টের রীট পিটিশন নং- ১৭০/২০১৮
(২) মহামান্য হাই কোর্টের রীট পিটিশন নং- ৮৩৩৬/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন নতুন দুলাল ভরাট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক দায়েরকৃত রীটপিটিশন নং ১৭০/২০১৮, তারিখঃ ২৫/০২/২০১৮ইং এর নির্দেশনা মোতাবেক অত্র শিক্ষা বোর্ডে মামলার বাদী ও বিবাদী উভয় পক্ষের মধ্যে শুনানী হয়। শুনানী অন্তে প্রধান শিক্ষক জনাব মোঃ মোজাম্মেল হক এর চাকরী হতে সাময়িক বরখাস্তের প্রক্রিয়া বিধিসম্মত না হওয়ায় তাঁকে চাকুরীতে স্ব-পদে বহাল করা হয়। পরবর্তীতে মহামান্য হাইকোর্টের ৮৩৩৬/১৮ নং রীট পিটিশন এর নির্দেশনার আলোকে ২৬/০৫/২০১৮ তারিখের আবেদনটি নিষ্পত্তির লক্ষে ২০/০৮/২০১৮ তারিখে উভয় পক্ষের মধ্যে শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে উভয় পক্ষের দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, প্রতিষ্ঠানটির এডহক কমিটির মেয়াদকাল ০৭/০৫/২০১৮ইং পর্যন্ত ছিলো। এডহক কমিটির সাবেক সভাপতি জনাব মোঃ হাবিবুর রহমান ০৭/০৫/২০১৮ ইং পর্যন্ত প্রতিষ্ঠানটির সভাপতির দায়িত্ব পালন করেছিলেন। সুতরাং অভিযোগকারী জনাব মোঃ হাবিবুর রহমান সভাপতি পদবী ব্যবহার করে ২৬/০৫/২০১৮ ইং তারিখে যে আবেদনটি অভিযোগ আকারে অত্র শিক্ষা বোর্ডে দাখিল করেন এবং মহামান্য হাইকোর্ট ২৬/০৫/২০১৮ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে বিষয়টি নিষ্পত্তি করার জন্য অত্র শিক্ষা বোর্ড কে নির্দেশনা দেন। জনাব মোঃ হাবিবুর রহমান প্রতিষ্ঠানটির সভাপতি না হয়ে সভাপতি পদবী ব্যবহার করে যে আবেদন করেছেন তা যথাযথ হয়নি এবং বে-আইনীও বটে। সুতরাং তার আবেদনটি না মঞ্জুর করে বিষয়টি নিষ্পত্তি করা হলো।


বিষয়টি আপনার অবগতির জন্য প্রেরণ করা হ'ল।


প্রাপক
জনাব মোঃ হাবিবুর রহমান
সাবেক সভাপতি
নতুন দুলাল ভরাট উচ্চ বিদ্যালয়
ডাকঘরঃ সীচা, উপজেলাঃ সুন্দরগঞ্জ
জেলাঃ গাইবান্ধা।

স্মারক নং-.....

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল।

- ১। আই.সি.টি ইউনিট (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ২। অফিস কপি।


(মোঃ আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
তারিখঃ.....


(মোঃ আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।